

📃 আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩:১০৮

💵 আরবি মূল আয়াত:

تِلكَ أَيْتُ اللهِ نَتلُوهَا عَلَيكَ بِالحَقِّ ١٠ وَ مَا اللهُ يُرِيدُ ظُلُمًا لِلعُلَمِينَ ﴿١٠٨﴾

এগুলো আল্লাহর নির্দশন, যা আমি তোমার উপর যথাযথভাবে তিলাওয়াত করছি। আর আল্লাহ সৃষ্টিকুলের প্রতি যুলম করতে চান না। — আল-বায়ান

এসব আল্লাহর আয়াত, যা ঠিকভাবে আমি তোমাকে পড়ে শুনাচ্ছি এবং আল্লাহ বিশ্বজগতের প্রতি যুলম করতে চান না। — তাইসিরুল

এগুলি হচ্ছে আল্লাহর নিদর্শন - যা আমি তোমার প্রতি সত্যসহ আবৃত্তি করছি এবং আল্লাহ বিশ্ব জগতের প্রতি অত্যাচারের ইচ্ছা করেননা। — মুজিবুর রহমান

These are the verses of Allah. We recite them to you, [O Muhammad], in truth; and Allah wants no injustice to the worlds. — Sahih International

১০৮. এগুলো আল্লাহ্র আয়াত, যা আমরা আপনার কাছে যথাযথভাবে তেলাওয়াত করছি। আর আল্লাহ সৃষ্টিজগতের প্রতি যুলুম করতে চান না।

তাফসীরে জাকারিয়া

(১০৮) এগুলি আল্লাহর আয়াত, তোমার নিকট সত্যসহ আবৃত্তি করছি। আল্লাহ বিশ্ব-জগতের প্রতি অবিচার করার ইচ্ছা রাখেন না।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=401





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন